

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ، عَنِ الْأَعْمَشِ، عَنْ مُسْلِمٍ، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: " مَنْ عَلِمَ مِنْكُمْ عِلْمًا، فَلْيَقُلْ بِهِ، وَمَنْ لَمْ يَعْلَمْ، فَلْيَقُلْ لِمَا لَا يَعْلَمُ: اللَّهُ أَعْلَمُ. فَإِنَّ: الْعَالِمَ إِذَا سُئِلَ عَمَّا لَا يَعْلَمُ، قَالَ: اللَّهُ عَزَّ وَجَلَّ أَعْلَمُ، " وَقَدْ قَالَ اللَّهُ لِرَسُولِهِ: (قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرِ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ)

إسناده صحيح والحديث متفق عليه

বাংলা

১৭৯. মাসরাক হতে বর্ণিত, তিনি আব্দুল্লাহ হতে বর্ণনা করেন, তিনি বলেন, তোমাদের মধ্যে যে ব্যক্তি কোন বিষয়ে জ্ঞান রাখে, সে যেন সেই জ্ঞান অনুযায়ী কথা-বার্তা বলে। আর যে কোন বিষয়ে জ্ঞান রাখে না, সে যেন তার অজানা বিষয়ে একথা বলে, 'আল্লাহ-ই ভাল জানেন।' আর যখন আলিম এমন বিষয়ে জিজ্ঞাসিত হয় যা সে জানেনা, তবে সে যেন বলেন, 'আল্লাহ-ই ভাল জানেন।' আর মহান আল্লাহ তাঁর রাসূলকে বলেছেন: "বল, আমি তোমাদের নিকট কোনো পারিশ্রমিক চাই না এবং আমি ভানকারীদের অন্তর্ভূক্তও নই।"(সূরা ছোয়াদ: ৮৬)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। এটি বুখারী-মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী, কিতাবুত তাফসীর নং ৪৭৭৪, ৪৮২২; সহীহ মুসলিম কিতাবুল সিফাতুল মুনাফিকীন নং ২৭৯৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন